



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
হবিগঞ্জ।

http://food.habiganj.gov.bd
www.dgfood.gov.bd
E-mail: dcf.hbj@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০৭.৩৬০০.০০৬.৩৯.০০১.১৮.৪৬৪(৯)


তারিখঃ- ২৭/০২/২০২২

অকেজো গাড়ি বিক্রয় বিজ্ঞপ্তি (বিস্তারিত)

খাদ্য মন্ত্রণালয়ের ১৪/০২/২০২২ তারিখের ১৪ নং স্মারকের আলোকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ এর নিয়ন্ত্রনামীন শায়েন্টাগঞ্জ এলএসডিতে রক্ষিত অকেজো ঘোষিত জীপ গাড়ি নং ঢাকা মেট্রো ঘ-০২-২২১০ অচল/অকেজো (সুযোজী ভিতারা) জীপ গাড়ি খানা 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রির জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রতিষ্ঠান আগ্রহী ক্রেতাদের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র দাখিলের নিয়ম ও শর্তাবলী

- ১। দরপত্র সিডিউলের মূল্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে হিসাব শাখা জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ কার্যালয় হতে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।
- ২। দরপত্র সিডিউল বিক্রির শেষ সময় ও তারিখ ২২/০৩/২০২২ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত, দরপত্র সিডিউল দাখিলের শেষ সময় ও তারিখ ২৩/০৩/২০২২ বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত এবং দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময় ২৩/০৩/২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা।
- ৩। অকেজো ঘোষিত গাড়ির সংরক্ষিত মূল্য সিডিউলে উল্লেখ আছে।
- ৪। অকেজো ঘোষিত গাড়ি অফিস খোলার দিনে যে কোন সময় পরিদর্শন করা যাবে।
- ৫। দরপত্র সিডিউল ক্রয় ব্যতীত কোন দরপত্র/দরপত্র সিডিউলের ফটোকপি গ্রহণযোগ্য হবে না। সিডিউল ক্রয়ের রশিদ দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।
- ৬। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র সরাসরি অথবা ডাকযোগে জমা দেয়া যাবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল হিসাবে গণ্য হবে এবং সিডিউল সম্বলিত খাম বন্ধ অবস্থায় ফেরত দেয়া হবে।
- ৭। সর্বোচ্চ দরদাতা কর্তৃক দাখিলকৃত দর মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ এর অনুমোদন পেলে দরদাতাকে নোটিফিকেশন জারী করা হবে। নোটিফিকেশন জারীর ০৭(সাত) দিনের মধ্যে উর্ধ্বতন দর, প্রযোজ্য ভ্যাট ও আয়কর চালান মূলে সরকারি কোষাগারে নির্ধারিত কোডে জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে। অনুমোদিত দর কার্যক্রমের মেয়াদ পর্যন্ত (valid) কার্যকর থাকবে।
- ৮। দরপত্রের মেয়াদকাল ১২০ (একশত বিশ) দিন।
- ৯। দরপত্র যথাযথভাবে পূরণ ও স্বাক্ষরিত হতে হবে এবং দর সু-স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। দরপত্রে কোন ঘষা-মাজা কাটা-কাটি গ্রহণযোগ্য হবে না।
- ১০। দরপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ ও দলিল পত্রাদি দাখিল করতে হবে।
 - ক) ১(এক)কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবিসহ যথাযথভাবে পূরণকৃত ও স্বাক্ষরিত সিডিউল এবং উর্ধ্বতন দর;
 - খ) বৈধ এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি;
 - গ) TIN (টিন) সার্টিফিকেট এবং হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র;
 - ঘ) Authorisation Letter (প্রযোজ্য ক্ষেত্রে)
 - ঙ) দরপত্র জামানত বা আর্নেস মানি বাবদ ৫,০০০/- (পাঁচহাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
 - চ) দরপত্রে উল্লেখিত সকল শর্ত অবগত ও মেনে দরপত্র দাখিল করেছেন মর্মে সীল ও স্বাক্ষরিত দরপত্র বিজ্ঞপ্তির কপি দাখিল করতে হবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ দিলদার মাহমুদ)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
হবিগঞ্জ।


ফোনঃ ০৮৩১-৬২৩২২
dcf.hbj@dgfood.gov.bd

তারিখঃ ২৭/০২/২০২২

স্মারক নং ১৩.০১.১৩০০.০০১.২৬.০০৩.২২.৪৬৭

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও বহল প্রচারের জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট, সংযুক্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৫। উপ-পরিচালক(যান), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বিআরটিএ, ঢাকা মেট্রো সার্কেল-১, মিরপুর, সেকশন-১৩।
- ৭। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সিলেট।
- ৮। সহকারী পরিচালক, বিআরটিএ, হবিগঞ্জ।
- ৯। জনাব.....


জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
হবিগঞ্জ।